দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 13 NOV 1988
পৃষ্ঠা 1 কলাম 2



## ডিগ্রী পরীক্ষায় নকল প্রবণতা রোধের ওপর গুরুত্বারোপ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান ডিগ্রী পরীক্ষায় নকল প্রবণতা এবং পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালনকারী কিছু কিছু শিক্ষকের অবৈধ কার্যকলাপ রোধের ওপর গুরুত্ব আরোপ করেছেন।

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত এক সভায় উপাচার্য বক্তব্য রাখছিলেন। বিভিন্ন পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও কলেজ অধ্যক্ষবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। অনিয়মিত পরীক্ষার্থীদের কলেজ বদল বিশ্ববিদ্যালয়ের পূর্ব অনুমতি ছাড়া কোন অবস্থাতেই না করার জন্য উপাচার্য কলেজ অধ্যক্ষদের প্রতি অনুরোধ জানান।

সভায় উপাচার্য আরো বলেন যে, কোন কোন পরীক্ষা কেন্দ্রে কিছু কিছু শিক্ষক নকল প্রতিরোধে নিষ্ক্রিয় ভূমিকা পালন করেন বলে অভিযোগ পাওয়া গেছে। কোন কোন কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের কাছ থেকে অন্যায়ভাবে অতিরিক্ত অর্থ আদায় করেন বলেও অভিযোগ আছে। উপাচার্য বলেন, শিক্ষা ক্ষেত্রে এ ধরনের অসাধুতা শুধু অবাঞ্ছিতই নয়, বরং শিক্ষার মূল আদর্শকেই পরাভূত করছে।

সভায় বিভিন্ন কলেজের অধ্যক্ষ আলোচনায় অংশ নিয়ে পরীক্ষা পরিচালনার ব্যাপারে নিজেদের মতামত ব্যক্ত করেন।

## প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর শ্রেণীর ক্লাস শুরু

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষিত প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে গতকাল শনিবার থেকে স্নাতকোত্তর শ্রেণীর ক্লাস শুরু হয়েছে

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

### প্রকৌশল বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

স্নাতক শ্রেণীর বিভিন্ন বর্ষের ক্লাস কবে শুরু হবে তা এখনো ঠিক হয়নি।

গতরাতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম, এইচ খানের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, বিশ্ববিদ্যালয় যত তাড়াতাড়ি সম্ভব পুরোপুরি খোলার ব্যাপারে চিন্তাভাবনা চলছে, তবে তারিখ বা আনুমানিক সময়ের কথা বলা সম্ভব নয়। বিশ্ববিদ্যালয়ের ছাত্র কল্যাণ পরিচালকের সাথে যোগাযোগের পর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণাকালীন সময়ে এবং পরবর্তীতে ছাত্রদের দ্বারা সংঘটিত বিভিন্ন ঘটনার কারণে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার ব্যাপারে বিভিন্ন কথাবার্তা হচ্ছে। তবে এখনো কিছুই নির্ধারিত হয়নি। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় অবিলম্বে খুলে দেয়াই এখন প্রথম কাজ।

উল্লেখ্য, দু'দফা দাবী নিয়ে ছাত্র আন্দোলনের মুখে কর্তৃপক্ষ গত ২৬শে অক্টোবর অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা এবং ছাত্রছাত্রীদের হলত্যাগের নির্দেশ দেন।